

সংখ্যা ১১৯ FEB 20'3
৯/২

যুগান্তর

ঢামেক ছাত্রী হোস্টেলে সিট সমস্যা চরমে

মনিকা জামান উদ্ভূত

ঢাকা মেডিকেল কলেজে ভর্তির সুযোগ পেলেও নতুন ৭৫ জন ছাত্রী হোস্টেলে সিট পাবে না! আগামী এপ্রিল-মে মাসে এমবিবিএস প্রথম বর্ষের ছাত্রছাত্রীদের ক্লাস শুরু হবে। সিট সমস্যার কারণে পুরনো ছাত্রীদেরই এখনও সিট বরাদ্দ দেয়া সম্ভব হয়নি। এক সময় ছাত্রী নিবাসে সিটের অভাবে ছাত্রীদের হল রুমে (বড় একটি কক্ষ যেখানে মেসের মতো ২০ থেকে ২৫ জন ছাত্রী থাকে) পাঠানো হতো। কিন্তু এখন সেই গণরুমেও ঠাই নেই। ঢাকা মেডিকেল কলেজের একাধিক শিক্ষক ও ভুক্তভোগী ছাত্রীদের কাছ থেকে এ তথ্য জানা গেছে।

জানা গেছে, ঢামেকের দুটি ছাত্রী হোস্টেলে (আলিম ও মিলন হল) বর্তমানে ৩২৪ জন ছাত্রী থাকছে। যুগে সিট পাওয়ার ক্ষেত্রে সাধারণত ঢাকার বাইরের বিভিন্ন জেলা ও

মেখাদী ছাত্রীদের প্রাধান্য দেয়ার নিয়ম। কিন্তু রাজনৈতিক চাপ ও বিভিন্ন মহলের তদবিরের কারণে এসব নিয়মনীতি মানা সম্ভব হয় না। ছাত্রীরা যুগান্তরকে জানান, ঢাকায় বাসাবাড়ি রয়েছে এমন ছাত্রীরাও এখন হলে অবস্থান করছে। নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক ছাত্রী বলেছে, সকাল ৭টায় ক্লাসে আসতে হয়। আত্মীয়ের বাসায় থাকার কারণে তারা গ্রুপ স্টাডি থেকে বঞ্চিত হয়। ফলে রেজাল্টে তার প্রভাব পড়ে।